**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

# সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১০৯/২০১৭-১৮**

**ঢাকা, মঙ্গলবার ৫ ডিসেম্বর ২০১৭, ২১ অগ্রহায়ন ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। রোহিঙ্গা সংকটের টেকসই সমাধানে কম্বোডিয়ার সহযোগিতা চেয়েছে বাংলাদেশ
দ্বিপাক্ষিক বৈঠকশেষে দুই প্রধানমন্ত্রীর যৌথবিবৃতি

২। কম্বোডিয়ার সঙ্গে দশ সমঝোতাস্মারক ও এক চুক্তি স্বাক্ষর : প্রধানমন্ত্রীর কম্বোডিয়া সফর

৩। বাংলাদেশের সমৃদ্ধির অগ্রযাত্রায় অংশীদার হোন : কম্বোডিয়ার ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রী

৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কম্বোডিয়ার রাজার সঙ্গে সাক্ষাৎ

৫। কম্বোডিয়ার পিস প্যালেসে প্রধানমন্ত্রীকে উষ্ণ অভ্যর্থনা

৬। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বোন ডাকলেন কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন

৭। বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত রক্ষায় সড়ক নির্মিত হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৮। এডিপি পুরোপুরি বাস্তবায়নের আশা পরিকল্পনামন্ত্রীর
পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভা

৯। 'জয় বাংলা' কেন জাতীয় স্লোগান নয় : হাইকোর্টের রুল
রাজধানীর ৫০ খাল নিয়ে পরিকল্পনা করতে হাইকোর্টের নির্দেশ

১০। আজ গণতন্ত্রের মানসপুত্র হোসেন শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যুবার্ষিকী
রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

চলমান পাতা-২

**১। রোহিঙ্গা সংকটের টেকসই সমাধানে কম্বোডিয়ার সহযোগিতা চেয়েছে বাংলাদেশ**
**দ্বিপাক্ষিক বৈঠকশেষে দুই প্রধানমন্ত্রীর যৌথবিবৃতি**

মিয়ানমারের রাখাইন রাজ্যে দমন-পীড়নের কারণে সৃষ্ট রোহিঙ্গা সংকটের টেকসই সমাধান নিশ্চিত করতে কম্বোডিয়ার সহযোগিতা চেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'রোহিঙ্গারা যাতে নিরাপদে তাদের ঘরে ফিরতে পারে, সেজন্য মিয়ানমারের সঙ্গে আমরা দ্বিপক্ষীয় আলোচনা চালিয়ে যাচ্ছি। কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেনের কাছেও আমি সহযোগিতা চাচ্ছি, যাতে এ সংকটের একটি টেকসই সমাধানে আমরা পৌঁছাতে পারি।' কম্বোডিয়াকে বাংলাদেশের নিকটতম আঞ্চলিক প্রতিবেশী আখ্যায়িত করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, এই দুটি দেশ একই রকম শান্তি, নিরাপত্তা এবং উন্নয়নের প্রত্যাশী। গতকাল (৪ ডিসেম্বর সোমবার) নমপেনে দুই দেশের মধ্যে অনুষ্ঠিত দ্বিপক্ষীয় বৈঠকের পর কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেনের সঙ্গে এক যৌথ বিবৃতিতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এসব কথা বলেন। বাংলাদেশ এবং মিয়ানমার উভয়েই রোহিঙ্গাদের সুশৃঙ্খলভাবে নিরাপদে স্বদেশে প্রত্যাবাসনের বিষয়ে একযোগে কাজ করবে মর্মে কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন বিবৃতিতে আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **যুগান্তর** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৭), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.২)। **ইত্তেফাক, সংবাদ, যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, যায়যায়দিন, অবজারভার,**
**ডেইলি সান, বাংলাদেশ টুডে, ডেইলি স্টার, নিউজ টুডে** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**২। কম্বোডিয়ার সঙ্গে দশ সমঝোতাস্মারক ও এক চুক্তি স্বাক্ষর : প্রধানমন্ত্রীর কম্বোডিয়া সফর**

বাংলাদেশ দক্ষিণ-পূর্ব এশিয়ার আসিয়ান জোটভুক্ত দেশ কম্বোডিয়ার সঙ্গে ১০টি সমঝোতাস্মারক এবং একটি চুক্তি স্বাক্ষর করেছে। গতকাল (৪ ডিসেম্বর সোমবার) নমপেনে কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেনের কার্যালয় পিস প্যালেসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও প্রধানমন্ত্রী হুন সেনের উপস্থিতিতে দুই দেশের প্রতিনিধিরা এসব সমঝোতাস্মারক ও চুক্তিতে স্বাক্ষর করেন। পর্যটন ক্ষেত্রে সহযোগিতা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিখাতে সহযোগিতা, জয়েন্ট ট্রেড কাউন্সিলের অধীনে প্রাতিষ্ঠানিক পর্যায়ে সহযোগিতা, ২০৩০ সালের মধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্য বাস্তবায়নে সহযোগিতা ও অংশীদারিত্ব, বাংলাদেশ ইনস্টিটিউট অভ্ ইন্টারন্যাশনাল অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ এবং রয়্যাল একাডেমি অভ্ কম্বোডিয়ার মধ্যে একাডেমিক পর্যায়ে সহযোগিতা এগিয়ে নিতে সমঝোতাস্মারকে সই করেছে বাংলাদেশ ও কম্বোডিয়া। বাকি সমঝোতা স্মারকগুলো হয়েছে মুক্তিযুদ্ধের ইতিহাস, স্মৃতিস্তম্ভ ও স্মৃতিচিহ্ন সংরক্ষণে সহযোগিতা, মৎস্য ও অ্যাকুয়াকালচারখাতে সহযোগিতা, শ্রম ও কারিগরি প্রশিক্ষণখাতে সরকারি পর্যায়ে সহযোগিতা এবং বিনিয়োগ প্রসারে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ ও কাউন্সিল ফর দি ডেভেলপমেন্ট অভ্ কম্বোডিয়ার মধ্যে সহযোগিতা বিষয়ে। চুক্তিটি হয়েছে দুই দেশে ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি এবং কম্বোডিয়া চেম্বার অভ্ কমার্সের মধ্যে সহযোগিতা বিষয়ে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **সমকাল** (পৃ.১৩,ক.৭), **যায়যায়দিন** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৭), **নিউজ টুডে** (পৃ.১,ক.১), **ভোরের কাগজ, যায়যায়দিন, অবজারভার, বাংলাদেশ টুডে, ডেইলি স্টার, নিউজ টুডে** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। বাংলাদেশের সমৃদ্ধির অগ্রযাত্রায় অংশীদার হোন : কম্বোডিয়ার ব্যবসায়ীদের প্রতি প্রধানমন্ত্রী**

বাংলাদেশের সমৃদ্ধির অগ্রযাত্রায় বিনিয়োগের মাধ্যমে অংশীদার হতে কম্বোডিয়ার ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। কম্বোডিয়া সফরে গতকাল (৪ ডিসেম্বর সোমবার) দেশটির রাজধানী নমপেনের হোটেল সোফিটেলে স্থানীয় ব্যবসায়ীদের সঙ্গে এক মতবিনিময়সভায় তিনি এ আহ্বান জানান। মতবিনিময়ে প্রধানমন্ত্রী বলেন, 'আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, যে প্রাতিষ্ঠানিক সহযোগিতা দুই চেম্বারের মধ্যে প্রতিষ্ঠিত হতে যাচ্ছে, পারস্পরিক বাণিজ্য ও বিনিয়োগের আলোচনায় তা কার্যকর হয়ে উঠবে।' দক্ষিণ এশিয়া ও দক্ষিণ-পূর্ব এশিয়ার মধ্যে বাংলাদেশকে একটি সেতুবন্ধ হিসেবে বর্ণনা করেন প্রধানমন্ত্রী। বক্তব্যের শুরুতে প্রধানমন্ত্রী বিদেশি বিনিয়োগকারীদের জন্য বাংলাদেশে বিভিন্ন সুযোগ-সুবিধা এবং সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৩), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৪। প্রধানমন্ত্রী শেখ হাসিনার কম্বোডিয়ার রাজার সঙ্গে সাক্ষাৎ**

কম্বোডিয়ার রাজা নরোদম সিহামনি বাংলাদেশ ও তাঁর দেশের মধ্যে বিদ্যমান দ্বিপক্ষীয় সম্পর্কের ব্যাপারে সন্তোষ প্রকাশ করেছেন। গতকাল (৪ ডিসেম্বর সোমবার) নমপেনে রয়্যাল প্যালেসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর



সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। বৈঠকে রাজা ও প্রধানমন্ত্রী পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এ সময় প্রধানমন্ত্রী রাজাকে বাংলাদেশে সফরের আমন্ত্রণ জানান।

পরে প্রধানমন্ত্রী কম্বোডিয়ার সিনেট প্রেসিডেন্ট সাউম এবং জাতীয় পরিষদের ন্যাশনাল অ্যাসেম্বলির প্রেসিডেন্ট হেং স্যামরিনের সঙ্গে পৃথক বৈঠক করেন। প্রধানমন্ত্রীর তিনদিনের কম্বোডিয়া সফরশেষে আজ (৫ ডিসেম্বর মঙ্গলবার) বিকেলে প্রধানমন্ত্রীর দেশে ফেরার কথা রয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৮), **সংবাদ** (শেষ পৃ.,ক.২)।

**৫। কম্বোডিয়ার পিস প্যালেসে প্রধানমন্ত্রীকে উষ্ণ অভ্যর্থনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৪ ডিসেম্বর সোমবার) কম্বোডিয়ার প্রধানমন্ত্রীর দফতর পিস প্যালেসে পৌঁছলে তাঁকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন পিস প্যালেসের প্রবেশদ্বারে উপস্থিত থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে এ অভ্যর্থনা জানান। এরপর প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে একটি সুসজ্জিত মঞ্চে নিয়ে যাওয়া হয়। এ সময়ে কম্বোডিয়ার সশস্ত্রবাহিনীর একটি চৌকসদল তাঁকে গার্ড অভ্ অনার প্রদান করে। এ সময় দুই দেশের জাতীয় সংগীত বাজানো হয়। প্রধানমন্ত্রী কুচকাওয়াজ পরিদর্শন ও সালাম গ্রহণ করেন। পরে প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন তাঁদের মন্ত্রিপরিষদ সদস্যদের পরস্পরের সঙ্গে পরিচয় করিয়ে দেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৪)। **সংবাদ, সমকাল, অবজারভার, ডেইলি সান, নিউজ টুডে, নিউ এজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট** এ বিষয়ে ছবিসহ খবর ছেপেছে।

**৬। প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বোন ডাকলেন কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন**

কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বোন ডেকেছেন। গতকাল (৪ ডিসেম্বর সোমবার) দু'দেশের মধ্যে দ্বিপক্ষীয় আলোচনাশেষে কম্বোডিয়ার প্রধানমন্ত্রী হুন সেন প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে 'বোন' বলে সম্বোধন করেন। পররাষ্ট্রসচিব বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনাও কম্বোডিয়ার প্রধানমন্ত্রীকে 'ভাই' বলে সম্বোধন করেন। এশিয়ার দু'দেশের মধ্যে এ যেন একটি বিশেষ সম্পর্ক এবং এ সম্পর্ক আগামীতে আরো এগিয়ে যাবে বলে পররাষ্ট্রসচিব এম শহিদুল হক প্রেস ব্রিফিংয়ে আশাবাদ ব্যক্ত করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮)।

**৭। বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত রক্ষায় সড়ক নির্মিত হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত সুরক্ষার জন্য দ্রুত সীমান্ত সড়ক নির্মাণ কাজ শুরু হবে। আর এ কাজ বাস্তবায়ন করবে সেনাবাহিনী। এছাড়া বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের দ্রুত নিজ দেশে ফেরত পাঠানোর লক্ষ্যে দুই দেশের মধ্যে জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ শীঘ্রই বাস্তবায়ন হবে বলে ঘোষণা দেন সেতুমন্ত্রী। গতকাল (৪ ডিসেম্বর সোমবার) কক্সবাজারের একটি হোটেলে রোহিঙ্গাদের জন্য নগদ অর্থ সহায়তা এবং ওষুধসামগ্রী গ্রহণশেষে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ সব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৪)।

**৮। এডিপি পুরোপুরি বাস্তবায়নের আশা পরিকল্পনামন্ত্রীর**
**পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভা**

চলতি ২০১৭-১৮ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নের লক্ষ্যমাত্রা অর্জন হবে বলে আশা করছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (৪ ডিসেম্বর সোমবার) ৩৫০ কোটি টাকা ও এর বেশি অর্থ বরাদ্দপ্রাপ্ত ৮৬ প্রকল্প সংশ্লিষ্ট ২৪ মন্ত্রণালয়ের সচিব বা প্রতিনিধি এবং প্রকল্প পরিচালকদের সঙ্গে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভাশেষে এক সংবাদ সম্মেলনে পরিকল্পনামন্ত্রী সাংবাদিকদের এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.২), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ডেইলি সান** বিজনেস পাতা (পৃ.১,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.৫)।

**৯। 'জয় বাংলা' কেন জাতীয় স্লোগান নয় : হাইকোর্টের রুল**
**রাজধানীর ৫০ খাল নিয়ে পরিকল্পনা করতে হাইকোর্টের নির্দেশ**

মুক্তিযুদ্ধের রণধ্বনি 'জয় বাংলা'কে কেন জাতীয় স্লোগান করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আগামী ৭২ ঘণ্টার মধ্যে মন্ত্রিপরিষদ সচিব, আইন সচিব ও শিক্ষা সচিবকে এ রুলের জবাব দিতে বলা হয়েছে। এক রিট আবেদনের প্রাথমিক শুনানি করে গতকাল (৪ ডিসেম্বর সোমবার) বিচারপতি কাজী



রেজা-উল হক ও বিচারপতি মোহাম্মাদ উল্লাহর সমন্বয়ে হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **সমকাল** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.১)।

গতকাল (৪ ডিসেম্বর সোমবার) রাজধানীতে অবস্থিত ৫০টি খালের বর্তমান অবস্থান-অবস্থার বিষয়ে প্রতিবেদন তৈরি, খালগুলোর মূল গতিপথ ঠিক রেখে সীমানা নির্ধারণ, দখলকারী ও দূষণকারীদের তালিকা তৈরি করে নিয়মিত রক্ষণাবেক্ষণের কর্মপরিকল্পনা তৈরির নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। আগামী ৬ মাসের মধ্যে ঢাকার দুই সিটি কর্পোরেশনের মেয়র, পরিবেশ অধিদফতর ও ওয়াপদার মহাপরিচালক, ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক, রাজউকের চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান ও ঢাকার জেলা প্রশাসককে এ কর্মপরিকল্পনা তৈরি করে হলফনামা আকারে আদালতে দাখিল করতে বলা হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭)।

**১০। আজ গণতন্ত্রের মানসপুত্র হোসেন শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যুবার্ষিকী : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

গণতন্ত্রের মানসপুত্র, উপমহাদেশের বরেণ্য রাজনৈতিক ব্যক্তিত্ব হোসেন শহীদ সোহরাওয়ার্দীর ৫৪তম মৃত্যুবার্ষিকী আজ (৪ ডিসেম্বর মঙ্গলবার)। হোসেন শহীদ সোহরাওয়ার্দীর মৃত্যুবার্ষিকী উপলক্ষে রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণীতে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়েছেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **সংবাদ :** সুনামগঞ্জের হাওর এলাকায় বাঁধ নির্মাণে প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠনে বিলম্ব হচ্ছে উল্লেখ করে দ্রুত কমিটি গঠন করে প্রকল্প বাস্তবায়নের সুপারিশ।

খ. **জনকণ্ঠ** : আদালতগুলোতে মামলা জটের কারণে বিচারকাজ ব্যাহত হচ্ছে উল্লেখ করে দেশে আইনের শাসন পাকাপোক্ত করার জন্য মামলার জট নিরসন ও বিচারব্যবস্থার সংস্কারের ওপর গুরুত্বারোপ।

গ. **ইত্তেফাক :** রাজধানীর ফুটপাতগুলোকে স্থায়ীভাবে দখলমুক্ত করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **যুগান্তর, সংবাদ, নিউজ টুডে, ডেইলি স্টার** : সড়ক দুর্ঘটনায় নিহত চলচ্চিত্রকার তারেক মাসুদের পরিবারকে ৪ কোটি ৬১ লাখ ৭৫ হাজার ৪৫২ টাকা ক্ষতিপূরণ দেওয়ার নির্দেশ দিয়ে হাইকোর্ট দৃষ্টান্ত স্থাপন করেছে উল্লেখ করে রায়ের বাস্তবায়ন সড়ক দুর্ঘটনা কমিয়ে আনতে সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **ইনকিলাব :** সুন্দরবনে চোরা শিকারীরা রয়েল বেঙ্গল টাইগার ও হরিণ নির্বিচারে হত্যা করায় এসব প্রাণী বিলুপ্তির আশংকা প্রকাশ করে এ ব্যাপারে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

চ. **ডেইলি সান** : রেলওয়ের বিভিন্ন লেভেল ক্রসিংয়ে দুর্ঘটনায় নিহতের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে রেলওয়ের লেভেল ক্রসিংয়ে গার্ড নিয়োগ দেওয়াসহ যত্রতত্র গড়ে ওঠা অবৈধ লেভেল ক্রসিং বন্ধের সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** দেশের বিশ্ববিদ্যালয়ের ১৭টিতে ভিসি ও ৫৬টিতে প্রো-ভিসির পদ খালি থাকার বিষয় তুলে ধরে খালি পদগুলো দ্রুত পূরণের আহ্বান।

জ. **নিউ নেশন, নিউ এজ** : রাজধানীর ট্রাফিক সিস্টেমের অব্যবস্থাপনায় সৃষ্ট যানজটের কারণে সড়কে গাড়ি চলার গতি ঘন্টায় ৭ কিলোমিটার থেকে কমে অনতিবিলম্বে ৫ কিলোমিটার হয়ে যাওয়ার আশঙ্কা করে বিষয়টি গুরুত্বের সঙ্গে বিবেচনায় নিয়ে অতিদ্রুত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঞ. **নিউ এজ** : মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের কোচিং বাণিজ্য বন্ধের লক্ষ্যে প্রয়োজনে সরকারকে নতুন আইন প্রণয়নের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ।

**উপ-সম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, গণতন্ত্র মানুষের অর্থনৈতিক মুক্তি ও মানবাধিকারের নিশ্চয়তা বাড়ায়।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘প্রতিবন্ধীদেরও সম্পদে পরিণত করা সম্ভব** ’শিরোনামের নিবন্ধে প্রতিবন্ধী জনগোষ্ঠীকে পেছনে ফেলে রেখে টেকসই উন্নয়নের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব নয় বলে অভিমত প্রকাশ।

#

খাদীজা/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০